# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

অফিস : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং- আশিবো/প্রশা:/২০১০/৫৭ তারিখ: ২১/০৬/২০২৫ খ্রি.

## প্রেস রিলিজ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী-এর আওতাধীন নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার সরকারি এম এম ডিগ্রী কলেজের জন্য বরাদ্দকৃত এইচএসসি পরীক্ষা ২০২৫-এর প্রশ্নপত্রের ৩টি ট্রাঙ্ক ধামইরহাট থানার লকার রুমে সংরক্ষণ করা হয়। প্রশ্ন সর্টিং-এর সময় ১টি ট্রাঙ্ক তালা খোলা অবস্থায় পাওয়া যায় এবং ইতিহাস ২য় পত্রের (বিষয় কোড-৩০৫) এক প্যাকেট প্রশ্ন লকার রুমের এক কর্ণারে পাওয়া যায়। উক্ত প্যাকেটের কিছু প্রশ্নপত্র ছেঁড়া থাকলেও প্রশ্নপত্রের সংখ্যা সঠিক পাওয়া যায় মর্মে জেলা প্রশাসক, নওগাঁ নিশ্চিত করেছেন।

এ বিষয়ে প্রকৃত ঘটনা উদঘাটনে ও দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গ চিহ্নিতকরণের জন্য জেলা প্রশাসন, নওগাঁ কর্তৃক ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। উল্লেখ্য, ইতিহাস ২য় পত্রের (বিষয় কোড-৩০৫) যে সেটের প্রশ্ন খোলা অবস্থায় পাওয়া যায়, সকল কেন্দ্রের সেই সেটের প্রশ্ন বাতিল করা হয়েছে। একই বিষয়ের প্রশ্নপত্রের ভিন্ন কয়েকটি সেট বোর্ডের কাছে সংরক্ষিত থাকায় পরীক্ষা গ্রহণে কোন জটিলতা তৈরি হবে না।

21.6.2025

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ও

সভাপতি

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ফোন : ০২- ৯৬১৫২৩৫